কোটচাঁদপুরে গলায় রশি দিয়ে আত্মাহত্যা, কলেজ ছাত্রী পূজার

গলায় রশি দিয়ে আত্মাহত্যা করেছেন কলেজ ছাত্রী পূজা সরকার। রবিবার এ ঘটনাটি ঘটেছে কোটচাঁদপুরের সলেমানপুর পালপাড়ায়।

জানা যায়, পূজা সরকার কোটচাঁদপুর সলেমানপুর গ্রামের বিশ্বজিৎ সরকারের মেয়ে। আর বিশ্বনাথ একই পাড়ার নাড়ু শর্মার ছেলে। তারা একই ক্লাসের ছাত্র । দুইজনই বর্তমানে এইচএসসি পরীক্ষার্থী। ওই দুই জনের মধ্যে দীর্ঘ ৩ বছর প্রেম।

এক বছর হল বিয়ে হয়েছে তাদের। এরপর বিশ্বনাথের পরিবার মেনে নিলেও মেয়ের পরিবার ছিলেন শক্ত অবস্থানে। সম্প্রতি তৃতীয় পক্ষের সমঝোতায় উভয় পরিবারের মধ্যে মিমাংসা হয়। আত্মীয়তাও শুরু হয় দুই পরিবারে।

এরমধ্যে শনিবার শ্বশুর বাড়ি থেকে বাপের বাড়িতে আসেন পূজা সরকার। রবিবার এ ঘটনা ঘটিয়েছেন সে। এ বিষয়টি নিশ্চিত করেছেন মৃতের শ্বশুর নাড়ু শর্মা।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক শারমিন আক্তার বলেন,পূজাকে মৃত অবস্থায় স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন,তাঁর স্বজনরা।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) হারুন অর রশিদ বলেন, স্বাস্থ্য কমপ্লেক্সের খবরে আমরা গিয়ে ছিলাম। ময়না তদন্তের জন্য মৃত দেহ উদ্ধার করা হয়েছে। পারিবারিক কারনে এ ঘটনা ঘটতে পারে বলে ধারণা করা হচ্ছে।